# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২

পানালিয়া,নবাবগঞ্জ, ঢাকা-১৩২০।

## কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

**ISO 9001:2015 CERTIFIED**

"সিসিটিভি ক্যামেরা ও এক্সেসরিজ সরবরাহ ও স্থাপনের" কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)

| |
|---|
| আরএফকিউ নং-ঢাকা পবিস/২- ১৬/২০২৩-২০২৪ |


প্রশাসন বিভাগ
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা।
ফোন নং-০১৭৬৯৪০০৪০৯
Web:pbs2.dhaka.gov.bd
E-mail: dhakapbs2@gmail.com


মোঃ সাইদুর রহমান
এজিএম (অডিট) চঃ দাঃ
ঢাকা পবিস-২

-----------------------------------
ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
নবাবগঞ্জ-ঢাকা
ISO 9001: 2015 Certified
শেখ হাসিনার উদ্যোগ
বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50
মুজিব শতবর্ষ 100

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
# পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

**স্মারক নং- ২৭.১২.২৬৬২.৫৬১.০১.০৩৮.২০২৩. ৪৬৪২** | **তারিখঃ ২১ অগ্রহায়ন, ১৪৩০ বঙ্গাব্দ। / ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।**

**বিষয়ঃ সিসিটিভি ক্যামেরা ও এক্সেসরিজ সরবরাহ ও স্থাপনের লক্ষ্যে অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসঙ্গে।**

**প্রতি,**

………………………………………………

………………………………………………

০১। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক **"সিসিটিভি ক্যামেরা ও এক্সেসরিজ সরবরাহ ও স্থাপনের"** জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারীর/উৎপাদনকারী/ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্বতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য।

০৩। অত্রসাথ সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল পবিস এর ওয়েব সাইট **http://pbs2.dhaka.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে ঢাকা পবিস-২ হতে গ্রহণ করতে হবে।

০৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আবহানকারী কর্তৃক নির্ধারিত স্থান (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ ঢাকা-১৩২০ এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন কোটেশন জামানত এবং কার্যসম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত না হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খামে আগামী ১৩/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সময় বেলা ১১.০০ ঘটিকা বা এর পূর্বে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশন খামে **"দরপত্র নং ঢাকা পবিস-২ ১৬/২০২৩-২০২৪, "সিসি টিভি ক্যামেরা ও এক্সেসরিজ এবং আগামী ১৩/১২/২০২৩ তারিখ এর আগে খোলা যাবেনা"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে কোন কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। দাখিলকৃত বা প্রাপ্ত কোটেশনসমূহ আগামী ১৩/১২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব-স্ব দপ্তরে খোলা হবে। একই তারিখ মূল্যায়ন কমিটির কাছে পাঠানো হবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত কোটেশন বৈধ থাকবে।

০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখ প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-০৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র প্রকাশ্যে উন্মুক্ত করা হবে।

১০। মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের সুষ্ঠভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক "ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২" কর্তৃক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

১১। যদি কার্যাদেশ প্রদান বা চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরণের কর, আবগারী শুল্ক, ফী, লেভী এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয় তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ চলতি ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়ণকৃত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মোট মূলের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করতে হবে।

১৭। ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জারী করতে হবে।

১৮। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হারে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৯। বর্ণিত শর্তসমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সে বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৬.১২.২৩

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**বিভাগীয় অনুলিপিঃ** (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্য: প: (কেঃঅঃ) পরিদপ্তর,বাপবিবো,ঢাকা-(নির্ধারিত তারিখ দরপত্র গ্রহণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
**০৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা (দঃ),বাপবিবো,ঢাকা।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ............................ পবিস ১/২/৩/৪।
০৫। ডিজিএম (দোহার জোনাল অফিস)/সদর দপ্তর-কারিগরী, ঢাকা পবিস-২।
০৬। এজিএম (অর্থ-হিসাব/এম এস/ওএন্ডএম/অর্থ-রাজস্ব/ইএন্ডসি, ঢাকা পবিস-২।
০৭। এজিএম (ওএন্ডএম), বান্দুরা/নারিশা সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-২।
০৮। এজিএম (আইটি), ঢাকা পবিস-২ ( পবিস এর ওয়েবসাইট http://pbs2.dhaka.gov.bd এ প্রকাশের নির্দেশনাসহ)।
০৯। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-২।
১০। অফিস/মাস্টার কপি।

**বহির্বিভাগীয় অনুলিপিঃ (সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** ।

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা ।
০২। নির্বাহী প্রকৌশলী, এল জি ইডি কার্যালয়/ সড়ক ও জনপথ, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ/দোহার, ঢাকা।
০৪। মেসার্স ...............................................................................।

০৬.১২.২৩

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)

**<u>কোটেশন দাখিল পত্র</u>**

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর:২৭.১২.২৬৬২.৫৬১.০১.০৩৮.২০২৩.৪৩৪২ ( ১৬/২০২৩-২০২৪) তারিখঃ ০৬/১২/২০২৩খ্রিঃ।

**প্রতি,**
**সিনিয়র জেনারেল ম্যানেজার**
**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২**
**পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা।**

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী পন্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"সিসিটিভি ক্যামেরা ও এক্সেসরিজ সরবরাহ ও স্থাপনের"** জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------------কথায়--------------------------------------------।

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে(RFQ) উল্লেখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহন করা যেতে পারে।

আমি/আমরা ঘোষনা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোন দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লেখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে, আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা-----/১২/২০২৩ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে(RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোন আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোন দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কাযক্রম বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশন নম্বর: ১৬/২০২৩-২০২৪) তারিখঃ ০৬/১২/২০২৩ খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর আইটেম বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য/দর | পন্য/সেবা সরবরাহের গন্তব্যস্থল |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| 01 | 16 Channel NVR | Nos | 01 | | | | সদর দপ্তর, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা। |
| 02 | Bullet Camera | Nos | 05 | | | | |
| 03 | Dome Camera | Nos | 03 | | | | |
| 04 | 4TB HDD | Nos | 01 | | | | |
| 05 | 21.5 Inch LED Monitor | Nos | 01 | | | | |
| 06 | 16 Port POE Switch | Nos | 01 | | | | |
| 07 | Housing Unit For Outdoor Unit | Nos | 05 | | | | |
| 08 | UTP Cat-6 Cable | Meter | 300 | | | | |
| 09 | Power Cable | RFt | 30 | | | | |
| 10 | RJ-45 Connector | Nos | 20 | | | | |
| 11 | 3KVA Online UPS | Nos | 01 | | | | |
| 12 | 9U Rack | Nos | 01 | | | | |
| 13 | Installation, Testing and Commissioning with supply of all required Accessories and PVC Pipe | Nos | 08 | | | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিস্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহঃ নিম্নোক্ত ২ নং নোট দেখুন** | | | | অংকে | | | |
| | | | | কথায় | | | |

| | |
|---|---|
| পন্য/সেবা প্রেরনের ঠিকানা | ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা। |
| মোট টাকায়(কথায়) | [উপরোল্লিখিত তফশিলের ৭ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য লিখুন] ------------------------------------------------------------------------------------------------ |
| প্রস্তাবিত সরবরাহ | --------------------------------------(ক্রয় আদেশ জারির তারিখ থেকে) |
| প্রদত্ত ওয়ারেন্টি(Warranty) | ০১ (এক) বছর |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের **তফশীলের [-----------------] টি সংশোধন** যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।

আমার/আমাদের প্রস্তাব-----/-----/২০২৩ খ্রিঃ তারিখ পযন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখঃ |
| কোটেশন দাতার নাম | |

টীকা:

০১। কলাম ১,২,৩,৪,৮ ক্রয়কারী পূরণ করবে এবং ৫,৬,৭ কোটেশনদাতা পূরণ করবে।

০২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পন্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহনযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বির্নিদেশ

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরি এবং মডেল |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| 01 | 16 Channel NVR | সংযুক্ত স্পেসিফিকেশন মোতাবেক | | |
| 02 | Bullet Camera | | | |
| 03 | Dome Camera | | | |
| 04 | 4TB HDD | | | |
| 05 | 21.5 Inch LED Monitor | | | |
| 06 | 16 Port POE Switch | | | |
| 07 | Housing Unit For Outdoor Unit | | | |
| 08 | UTP Cat-6 Cable | | | |
| 09 | Power Cable | | | |
| 10 | RJ-45 Connector | | | |
| 11 | 3KVA Online UPS | | | |
| 12 | 9U Rack | | | |
| 13 | Installation, Testing and Commissioning with supply of all required Accessories and PVC Pipe | | | |
| | | | মোট | |
| কথায়ঃ | | | | |

আমি/আমরা ঘোষনা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বির্নিদেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | |
| কোটেশন দাতার নাম | |

**টীকাঃ**

০১। কলাম ১,২,৩, ক্রয়কারী পূরণ করবে এবং ৪ ও ৫ কোটেশনদাতা পূরণ করবে।

০২। বির্নিদেশ (পূণাঙ্গ বিবরনী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বির্ণিদেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বির্নিদেশ (পূর্ণাঙ্গ বিবরনী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কায-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বির্নিদেশে আবশ্যিক যে, পণ্য অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষাঙ্গিক উপকরন নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সাম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বিবেশিত হবে।

০৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বির্নিদেশ (পূর্ণাঙ্গ বিবরনী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (Make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র

## পন্যের সরবরাহ ও মূল্য পন্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১। চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২। এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারনত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩। ক্রয় আদেশ জারি হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪। যদি ক্রয়কারী পন্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোন দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারনের ভিত্তিতে সরবরাহকারীর তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শণ, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্যেশ্যে যে কোন সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬। ক্রয়কারী কারিগরী বির্নিদেশ (সবিস্তার বিবরনী) অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পন্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে ।

৭। যদি পন্যের কোন ত্রুটি পাওয়া যায় অথবা বির্নিদেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারন উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়মুক্ত থাকবে।

৯। অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফশীল এবং বির্নিদেশ অনুযায়ী প্রতিটা পন্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০।সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরনের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অর্ন্তভূক্ত থাকবে।

১১। মোট চুক্তি মূল্য টাকা [অংকে---------------------------] [কথায়-------------------------------]

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন মেয়াদ ১২ (বার) মাস।

১৩। ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪। সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোন দাবী, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫। পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারনে উত্থাপিত কোন দাবী সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬। কোন অবস্থাতেই ক্রয়াদেশকৃত পন্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৭। ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

কোটেশন স্মারক নম্বরঃ ২৭.১২.২৬৬২.৫৬১.০১.০৩৮.২০২৩.৪৩৪২ (১৬/২০২৩-২০২৪) তারিখঃ ০৬/১২/২০২৩খ্রিঃ।

**বিষয়ঃ "সিসিটিভি ক্যামেরা ও এক্সেসরিজ সরবরাহ ও স্থাপনের" ক্রয়াদেশ**

| কোটেশন নম্বর: ১৬/২০২৩-২০২৪ | তারিখঃ ০৬/১২/২০২৩ খ্রিঃ |
|---|---|
| প্রতি<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br>----------------------------------- | |
| সরবরাহের তারিখ---------------------------- | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা--------------------- |
| **সরবরাহ: শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার নিম্নবর্ণিত মালামাল সরবরাহের নিমিত্ত গত------------------ তারিখ দাখিলকৃত দরপত্র সমুহের মধ্যে আপনাদের প্রতিষ্টানের দর সর্বনিম্ন ও গ্রহনযোগ্য হিসেবে বিবেচিত হওয়ায় শর্তাধীনে নিম্নবর্ণিত সেবাসমূহ সরবরাহের জন্য সর্বমোট------------------টাকার কার্যাদেশ প্রদান করা হলো। সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **ক্রয়াদেশকৃত পণ্যসমুহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্তকরুন।<br>আবশ্যকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বির্নিদেশের (সবিস্তার বিবরনী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্যঃ<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষরঃ |
| তারিখ: |

সংযুক্তিসমূহ: উপর্যুক্ত বর্ণনা মোতাবেক

যদি সরবরাহকারী:

ক) সরবরাহের তফশীলের সময় এবং বির্নিদেশ (পূনাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ) পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত থাকেন ।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

১৯। এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সর্ম্পকিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষ মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহন করবে।

২০। ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার ১২৭ বিধি মোতাবেক প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর<br>মোঃ সাইদুর রহমান<br>প্রকৌশলী (এডমিন) চঃ দাঃ<br>ঢাকা পবিস-১ | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবাহকারীর স্বাক্ষর |
| তারিখ ৬।১২।২০২৬ | তারিখ |